



উপদেষ্টা  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

অভিবাসীদের অসামান্য অবদান ও মর্যাদাকে স্মরণীয় করে রাখতে প্রতি বছরের ন্যায় এ বছরও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আয়োজনে “আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৪” ও “জাতীয় প্রবাসী দিবস-২০২৪” উদযাপিত হচ্ছে। অভিবাসী ও তাঁদের পরিবারের সদস্যদের জন্য তাৎপর্যপূর্ণ এ দিবসে অভিবাসনের সকল অংশীজনকে আমি আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জানাচ্ছি।

প্রবাসীদের দ্রুততর সেবা নিশ্চিতকল্পে অন্তর্বর্তী সরকার নানামুখি পদক্ষেপ গ্রহণ করেছে। ইতোমধ্যে ই-পাসপোর্ট পরিষেবা ও স্বয়ংক্রিয় নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু হয়েছে। ই-পাসপোর্ট এর প্রচলন নিয়মিত ও নিরাপদ অভিবাসনে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি। মানব পাচার প্রতিরোধ ও দমন এবং নিরাপদ অভিবাসনের লক্ষ্যে প্রণীত ‘মানব পাচার প্রতিরোধ ও দমন আইন-২০১২’ কঠোর বাস্তবায়নের মাধ্যমে আইনানুগ অভিবাসন নিশ্চিত করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

অনিয়মিত অভিবাসন ও মানব পাচার রোধে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সমন্বিতভাবে কাজ করে যাচ্ছে। তৃণমূল পর্যায়ে থেকে শুরু করে সকল স্তরে জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে মানব পাচার রোধে একটি শক্তিশালী প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলার চেষ্টা করা হচ্ছে।

নিরাপদ ও আইনানুগ অভিবাসন ব্যবস্থাপনা নিশ্চিতকরণের মাধ্যমে অভিবাসনের ক্ষেত্রে আন্তর্জাতিক মান বজায় রেখে নারী কর্মীসহ সকল অভিবাসী কর্মীর কাজের উপযোগী নিরাপদ পরিবেশ তৈরির প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

আমি “আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৪” ও “জাতীয় প্রবাসী দিবস-২০২৪” এর সফল উদযাপন কামনা করছি।

লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.)

